

# যুগান্তর

প্রিন্ট: ১৯ অক্টোবর ২০২৫, ১১:২১ এএম

## শিক্ষান্তর

# এইচএসসি রেজাল্ট ২০২৫: কোন বোর্ডে কতজন জিপিএ-৫ পেলেন?



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ অক্টোবর ২০২৫, ১২:৫২ পিএম



ফাইল ছবি

চলতি বছর উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশ হয়েছে। এ বছর দেশের ১১টি শিক্ষা বোর্ডের পরীক্ষায় অংশ নিয়ে ৬৯ হাজার ৯৭ শিক্ষার্থী জিপিএ-৫ পেয়েছেন।

বৃহস্পতিবার (১৬ অক্টোবর) সকাল ১০টায় একযোগে অনলাইন এবং স্ব-স্ব শিক্ষাপ্রতিষ্ঠানে ফল প্রকাশ করা হয়।

### এইচএসসি: ফেল ৫ লাখেরও বেশি পরীক্ষার্থী

এবার সবচেয়ে বেশি জিপিএ-৫ পেয়েছেন ঢাকা বোর্ডের শিক্ষার্থীরা। এই বোর্ডে জিপিএ-৫ পেয়েছেন ২৬ হাজার ৬৩ জান। রাজশাহী বোর্ডে ১০ হাজার ১৩৭ জন, কুমিল্লা বোর্ডে ২ হাজার ৭০৭ জন, যশোর বোর্ডে ৫ হাজার ৯৯৫ জন, চট্টগ্রাম বোর্ডে ৬ হাজার ৯৭ জন, বরিশাল বোর্ডে ১ হাজার ৬৭৪ জন, সিলেট বোর্ডে ১ হাজার ৬০২ জন, দিনাজপুর বোর্ডে ৬ হাজার ২৬০ জন, ময়মনসিংহ বোর্ডে ২ হাজার ৬৮৪ জন, মাদ্রাসা বোর্ডে ৪ হাজার ২৬৮ জন এবং কারিগরি বোর্ডে ১ হাজার ৬১০ জন শিক্ষার্থী জিপিএ-৫ অর্জন করেছেন।

### জানা গেল সেই আনিসার ফল

শিক্ষা মন্ত্রণালয় সুত্রে জানা গেছে, এবার ১১টি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি ও সমমান পরীক্ষায় অংশ নিয়েছেন ১২ লাখ ৫১ হাজার ১১১ জন পরীক্ষার্থী। এর মধ্যে ছাত্র ছয় লাখ ১৮ হাজার ১৫ জন এবং ছাত্রী ছয় লাখ ৩৩ হাজার ৯৬ জন। দেশের দুই হাজার ৭৯৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

### এইচএসসি রেজাল্ট ২০২৫: ভিকারুননিসায় ৮০ জন ফেল, জিপিএ-৫ এ ধস

ঢাকা বোর্ডে পরীক্ষার্থী ২ লাখ ৯১ হাজার ১৪১, রাজশাহীতে ১ লাখ ৩৩ হাজার ১৪২, কুমিল্লায় ১ লাখ ১ হাজার ৭৫০, যশোরে ১ লাখ ১৬ হাজার ৩১৭ ও চট্টগ্রামে ১ লাখ ৩৫ জন। এ ছাড়া বরিশালে পরীক্ষার্থী ৬১ হাজার ২৫, সিলেটে ৬৯ হাজার ৬৮৩, দিনাজপুরে ১ লাখ ৩ হাজার

৮৩২ এবং ময়মনসিংহে ৭৮ হাজার ২৭৩ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম পরীক্ষার্থী ৮৬ হাজার ১০২ জন। কারিগরি বোর্ডের অধীনে পরীক্ষার্থী ১ লাখ ৯ হাজার ৬১১ জন।